দৈনিক সংবাদ
17 MAY 1989
012

123

শৈলকুপা উচ্চ বিদ্যালয়ের

# সরকারী অনুদান বন্ধ করা হয়েছে

ঝিনাইদহ, ১৪ই মে (নিজস্ব সংবাদদাতা) ।--শৈলকুপা হাইস্কুলের সকল শিক্ষক ও কর্মচারী মার্চ ও এপ্রিল মাসের সরকারী অনুদানের টাকা পায়নি। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে শৈলকুপা হাইস্কুলের সকল শিক্ষক ও কর্মচারীর সকল প্রকার সরকারী অনুদান বন্ধ করে দেয়া হয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় শৈলকুপা হাইস্কুল কেন্দ্রে হলের বাইরে লেখা ২৩টি উত্তর পত্র উদ্ধারের ঘটনার জের হিসেবে এ ব্যবস্থা নেয়া হয়েছে বলে নির্ভরযোগ্য সূত্র থেকে জানা গেছে।

এ ব্যাপারে ২১শে মার্চ মামলা দায়ের করা হলে পুলিশ পরীক্ষা কেন্দ্র থেকে ৩ জনকে গ্রেফতার করে। এরা হচ্ছে শৈলকুপা হাইস্কুলের সহকারী শিক্ষক আবুল কাশেম, পিয়ন আলাউদ্দিন ও পিয়ন মশিউর। ২৩শে মার্চ পুলিশ এই ঘটনায় আরও ৩ জনকে গ্রেফতার করে। এরা হচ্ছে শৈল কুপা বালিকা বিদ্যালয়ের কেরানী গোলাম রসুল এবং দু'জন এসএস সি পরীক্ষার্থী সায়েদুর রহমান ও সাহেব আলী। এরা ৬ জনই বর্তমানে জামিনে আছে।

এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে শৈলকুপা হাইস্কুলের সকল শিক্ষক ও কর্মচারীর সকল সরকারী অনুদান বন্ধ করে দেয়া হয়েছে।

অন্যদিকে গত ১১ই মে দিবাগত রাতে শৈলকুপা থানা পুলিশ এই ঘটনায় শৈলকুপা হাইস্কুলের প্রধান শিক্ষক আবুবকরকে গ্রেফতার করেছে।